আরামবাগ শহরে সুন্দরী কণ্ঠে সর্বস্বান্ত বেকার যুবক থেকে প্রতিষ্ঠিতরা

বোল্ড রিলেশানের নামে প্রতারণা

রাজা খান, আরামবাগ

সুন্দরী মহিলাদের সাথে অবৈধ সম্পর্ক করিয়ে দেওয়ার নাম করে আর্থিক প্রতারণার অভিযোগ উঠল এক দম্পতির বিরুদ্ধে। এই ঘটনায় বুধবার বিকালে অভিযোগের ভিত্তিতে আরামবাগ থানার পুলিশ ওই দম্পতিকে গ্রেফতার করে। বৃহস্পতিবার সকালে তাদের আরামবাগ মহকুমা আদালতে তোলা হলে বিচারক তাদের তিনদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। এই ঘটনায় আরামবাগ শহর জুড়ে চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, আরামবাগ শহরের লিংকরোডের পাশে একটি ভাড়া ঘরে অফিস বানিয়েছিল ঘাটালের দলপতিপুর এলাকার বাসিন্দা তুহিন প্রামানিক। সেই অফিসে তার স্ত্রী প্রিয়াঙ্কা প্রামাণিকসহ কয়েকজন মহিলাকে কাজে লাগিয়েছিল। অভিযোগ, ওই মহিলাগুলিকে দিয়ে ফোন করে কাস্টমার ধরার কাজ করানো হত। জানা গেছে, তুহিন বিভিন্ন জায়গায় পোস্টার, লিফলেট ছড়িয়ে সংবাদপত্রে বিজ্ঞাপন দিত। ওই বিজ্ঞাপনে লেখা থাকত সুন্দরী মহিলাদের সঙ্গে সম্পর্ক করতে চান? তাহলে নিম্নলিখিত ফোন নম্বরে যোগাযোগ করুন। কাস্টমাররা ওই নম্বর দেখেই ফোন করত অবৈধ সম্পর্ক স্থাপনের জন্য। ফোনের উল্টো দিকে থাকত সুন্দরী কণ্ঠের মহিলারা। ফোন ধরেই মহিলারা কাস্টমারদের ৬০০ টাকার বিনিময়ে ফ্রেন্ডশিপ ক্লাবে যোগদান করার জন্য একটি রেজিস্ট্রেশন করাত। কিভাবে তারা টাকা নিত? জানা গেছে, ওই মহিলারাই কাস্টমারদের ব্যাঙ্কে গিয়ে ফোন করার পরামর্শ দিত। কাস্টমাররা ব্যাঙ্কে গিয়ে ওই মহিলাদের ফোন করলে মহিলারা ব্যাঙ্কের এ্যাকাউন্ট নম্বর বলে দিত। শুধু তাই নয়, রেজিস্ট্রেশন করার পর কোনও কাস্টমার সুন্দরী মহিলাদের সঙ্গে অবৈধ সম্পর্ক স্থাপনের জন্য ঘুরতে যাওয়ার ডিম্যান্ড করলে অতিরিক্ত ২০০০-১০০০০ টাকা ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা করতে বলত। এর জন্য তারা একাধিক ব্যাঙ্ক অ্যাকাউন্ট ব্যবহার করত। কাস্টমারও লোভে পড়ে সেই টাকা এ্যাকাউন্টে জমা করিয়ে দিত। এরপর কাস্টমারদের বলা হত আমাদের মেন ব্রাঞ্চ কলকাতায়। এরকম করেই মাসখানেক কাটিয়ে দিত কোনও সম্পর্ক না করিয়ে দিয়েই।

এভাবেই তারা দিনের পর দিন ধরে দিনদুপুরে প্রতারণার জাল ফেঁদে চলেছিল আরামবাগ শহরে। কোনওরকমে বিষয়টি জানতে পারেন স্থানীয় মানুষজন। অফিসে নতুন নতুন মুখের আনাগোনা দেখে তাঁদের মনে সন্দেহ ঢরমে ওঠে। তাঁরা খবর দেন আরামবাগ থানায়। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ গিয়ে তদন্ত শুরু করে। পরে পুরো বিষয়টি তদন্ত করে বেশ কিছু প্রমাণ পায় পুলিশ। এরপরেই তাদের গ্রেফতার করে থানায় নিয়ে যাওয়া হয়।

পঞ্চায়েত সমিতির সভাপতির বিরুদ্ধে অভিযোগ তাঁরই গ্রামের বাসিন্দাদের

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির গোঘাট ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি পুতুল মুর্মুর বিরুদ্ধে অভিযোগ আনলেন পুতুল মুর্মুর গ্রামের আদিবাসী সম্প্রদায়ের মানুষজন। কুমারগঞ্জ অঞ্চলের বেলুন বড়ডাঙ্গা গ্রামের বাসিন্দারা লুসমি মুর্মু, খুকুমণি সরেন, লক্ষী সরেনরা গোঘাট ২নং ব্লকের বিডিও সাহেবের কাছে লিখিত ভাবে অভিযোগ জানিয়ে বলেন, গোঘাট ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি পুতুল মুর্মু সরকারিভাবে বসানো তার বাড়ির পাম্প থেকে অন্য কাউকে জল নিতে দেবেন না। জল নিতে গেলে গালাগালি, মারধর পর্যন্ত করছে আমাদের। আমাদের গ্রামে ৩৫টি পরিবার। মোট ২টি নলকূপ। কোনরকম পুকুর নেই। তার একটি যদি আমাদের ব্যবহার করতে দেওয়া না হয় তাহলে আমরা জল পাবো কোথায়। অনেকে আবার গীতাঞ্জলি প্রকল্প নিয়েও অভিযোগ তোলেন। পার্বতী হেমব্রম জানালেন, পুতুল মুর্মুর বিরুদ্ধে কোনও কথা বললেই পুলিশ গিয়ে রাত্রে আমাদের ঘরছাড়া করে দিচ্ছে। আমরা গ্রামে থাকতে পারছি না। আমরা তাই বিডিও সাহেবের কাছে এসেছি। আমরা এর প্রতিকার চাই। গ্রামে যখন তখন পুলিশ, বাইরের লোকজন আসছে আমাদের ছেলেমেয়েরা ভয়ে ভয়ে থাকছে। পড়াশোনার খুব ক্ষতি হচ্ছে। গোঘাট ২নং ব্লকের বিডিও অভিজিৎ দাস জানালেন, আদিবাসী সম্প্রদায়ের কিছু মানুষ যাঁদের বাড়ি গোঘাট ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি পুতুল মুর্মুর গ্রামে তাঁরা সভাপতি সম্বন্ধে কিছু অভিযোগ জানিয়েছেন। আমি বিষয়টি নিয়ে কি করা যায় তাই নিয়ে চিন্তা ভাবনা করছি। ৩৫টি পরিবার ২টি নলকূপ কোনও পুকুর নেই, ওই গ্রামে আরও নলকূপ করা যায় কিনা দেখছি। গোঘাট ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি পুতুল মুর্মু জানালেন, আমার বিরুদ্ধে যে অভিযোগগুলি আনা হয়েছে তা সম্পূর্ণ ভাবে ভিত্তিহীন এবং মিথ্যা, গ্রামের উন্নয়নে অনেকেই ঈর্ষান্বিত। অনেক মানুষ রয়েছে যারা গ্রামের উন্নয়ন চায় না, মুখ্যমন্ত্রীর তহবিল থেকে গ্রামে যে ঢালাই রাস্তা তৈরি হবে তার জন্য যে বোর্ড লাগানো হয়েছিল সেগুলি ছিঁড়ে ফেলা হয়েছে। উন্নয়নে বাধা মেনে নেওয়া কোনওভাবে সম্ভব নয় আমি গ্রামে পুলিশ ডেকেছি এটি একেবারে মিথ্যা কথা এবং ষড়যন্ত্র।

পুরশুড়া বিধানসভায় গোষ্ঠীদ্বন্দ্ব অব্যাহত

নিজস্ব সংবাদদাতা, পুরশুড়া ঃ তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বে বৃহস্পতিবারও উত্তপ্ত হুগলির পুরশুড়া বিধানসভা এলাকা। মঙ্গলবারের পর বুধবার সারাদিন এমনকি বৃহস্পতিবারও এলাকায় তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে বোমাবাজি, ভাঙচুর ও মারধরের ঘটনা ঘটে। এই ঘটনায় এক ব্যক্তি আহত হন। জানা গেছে, বুধবার রাতে এবং বৃহস্পতিবার সকালেও পুরশুড়ার সাঁওতা, আমগ্রাম, মোজাফফরপুর, সাহাবাগ ইত্যাদি এলাকায় বোমাবাজি চলে। সাঁওতায় এক ব্যক্তির বাড়িতে বোমা পড়ে। পুড়ে যায় বাড়ির চিলেকোঠা। পরে পুলিশ অভিযান চালিয়ে একটি বাড়ি থেকে ১২জন দুষ্কৃতীকে আটক করে থানায় নিয়ে যায়। অন্যদিকে বুধবার রাতে আমগ্রামে তৃণমূলের একটি কার্যালয়ে বসেছিলেন সেখ হারুন রসিদ। তাঁর বাড়ি সাহাবাগ গ্রামে। ওই সময় সেখানে দুষ্কৃতীরা হামলা চালায়। বোমা ফাটিয়ে থাকে। বোমার আঘাতে হারুন রসিদের একটি পা ছিন্নভিন্ন হয়ে যায়। তাঁকে কলকাতার পিজি হাসপাতালে ভর্তি করা হয়েছে। উল্লেখ্য, এলাকায় ক্ষমতা দখলকে কেন্দ্র করে বেশ কয়েকদিন ধরেই পুরশুড়া বিধানসভা এলাকায় বর্তমান বিধায়ক ডাঃ এম নুরুজ্জামান এবং প্রাক্তন বিধায়ক পারভেজ রহমান গোষ্ঠীর সঙ্গে সংঘর্ষ চলছে। প্রতিদিনই বিভিন্ন এলাকায় বোমাবাজির ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছেন এলাকাবাসী। এবিষয়ে তাঁরা তৃণমূলের উচ্চ নেতৃত্বকেই দায়ি করছেন। তাঁদের বক্তব্য, দলের উচ্চ নেতৃত্বের দুর্বলতার কারণেই এই ঘটনা ঘটছে। এব্যাপার তাঁরা উচ্চ নেতৃত্বের কাছে কড়া হাতে এই গোষ্ঠীদ্বন্দ্ব বন্ধের দাবি জানিয়েছেন। না হলে আগামী দিনে অবস্থা একেবারেই আয়ত্তের বাইরে চলে যাবে বলে তাঁরা আশঙ্কা করছেন। তাঁদের আরও অভিযোগ, বার বার গোষ্ঠী সংঘর্ষের কারণে এলাকার ব্যবসা এবং অন্যান্য কাজকর্ম শিকেয় উঠে গেছে। দোকানপাট খোলা যাচ্ছে না। স্কুল কলেজের ছেলেমেয়েরা শিক্ষা প্রতিষ্ঠানে যেতে পারছে না। এক ভয়াবহ পরিস্থিতি তৈরি হয়েছে। এদিকে বৃহস্পতিবারও পুরশুড়ার বিধানসভা এলাকার বিভিন্ন গ্রামে পুলিশ টহল দিল। কিন্তু তারপরও ব্যাপক বোমাবাজির ঘটনা ঘটে।

ইঞ্জিনভ্যান থেকে পড়ে মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ ইঞ্জিন ট্রলিভ্যান থেকে পড়ে মৃত্যু হল এক ব্যক্তির। মৃতের নাম প্রশান্ত মালিক (৩৬)। বাড়ি হুগলির আরামবাগের পুইন গ্রামের উত্তরপাড়ায়। তিনি পেশায় দিনমজুর। বুধবার সন্ধ্যায় তিনি আরামবাগ বাসস্ট্যান্ড থেকে ইঞ্জিন ট্রলিভ্যানে চড়ে বাড়ি ফিরছিলেন। তখন পুইন কাঠগোলার কাছে তিনি ভ্যান থেকে পড়ে যান। গুরুতর জখম অবস্থায় তাঁকে স্থানীয় মানুষ আরামবাগ মহকুমা হাসপাতালে ভর্তি করেন। কিন্তু তাঁর অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কলকাতার পিজিতে স্থানান্তরিত করা হয়। বৃহস্পতিবার ভোরে সেখানেই তাঁর মৃত্যু হয়। জানা গেছে, স্ত্রী ছাড়াও তাঁর দুই ছেলে রয়েছে।

চোলাই মদের বিরুদ্ধে সোচ্চার মহিলারা

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ এলাকায় চোলাই মদ তৈরি ও বিক্রি বন্ধের জন্য বার বার প্রশাসনকে জানানো হয়েছে। কিন্তু তাতেও চোলাই মদ তৈরি বা বিক্রির বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। তাই হুগলির গোঘাটের কুমড়সা গ্রামের প্রায় ২০-২৫জন মহিলা এক হয়ে গোঘাট থানায় একটি লিখিত অভিযোগ জানায়। পরে গোঘাট থানার পুলিশ অভিযোগ পেয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিলে তাঁরা বাড়ি ফেরেন। গোঘাট থানায় অভিযোগ জানাতে আসা মহিলাদের মধ্যে কয়েকজন জানান, গোঘাটের কুমড়সা গ্রামে বেশ কয়েকজন বেআইনিভাবে চোলাই মদ তৈরি করে বিক্রি করছে। আর তার ফলে গ্রামের পুরুষরা প্রভাবিত হচ্ছে। মদ খেয়ে বাড়িতে অশান্তি করছে। আবার কেউ কেউ অসুস্থ হয়ে পড়ছে। এরফলে স্কুলপড়ুয়ারা খুব অসুবিধায় পড়ছে। তাদের পড়াশোনায় ক্ষতির সম্মুখীন হচ্ছে। তাঁদের অভিযোগ, বার বার এই বিষয়ে স্থানীয় প্রশাসনকে জানানো হয়েছে। কিন্তু এব্যাপারে প্রশাসন নীরব। তাই তাঁরা থানার দ্বারস্থ হয়েছেন। তাঁদের দাবি, অবিলম্বে এলাকার সমস্ত চোলাই তৈরির সরঞ্জাম নষ্ট করতে হবে এবং দোষীদের গ্রেফতার করতে হবে।

আরামবাগে উপস্থিত মাস্টার অফ দা ওয়ার্ল্ড

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ বৃহস্পতিবার হুগলির আরামবাগ রবীন্দ্রভবনে আরামবাগ ইসকন ভক্তবৃন্দের ব্যবস্থাপনায় এক ধর্মসভার আয়োজন করা হয়। এই সভায় মূল বক্তা হিসাবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘের চেয়ারম্যান শ্রীমৎ ভক্তিচারু স্বামী গুরুমহারাজ। এদিন দূর দূরান্ত থেকে বহু ভক্ত এই সভায় উপস্থিত হলিলেন। উল্লেখ্য, ভক্তিচারু স্বামী পিপ্রিচুয়াল মাস্টার অফ দ্য ওয়ার্ল্ড হিসাবে পরিচিত। তিনি বর্তমানে পৃথিবীর ১৯৪টি দেশে ছড়িয়ে থাকা সংস্থার সর্বময় কর্ণধার। এই প্রথম তিনি আরামবাগের ভক্তদের সামনে উপস্থিত হলেন। এছাড়াও এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উড্ডয়নীর বৈষ্ণব বসানন্দ দাম ব্রহ্মচারী এবং হুগলি জেলার বৈষ্ণব প্রচারক আত্মানন্দ দাম ব্রহ্মচারী।

নিরোগ ডায়গনস্টিক
আরামবাগ, কোর্ট রোড, হুগলী
Ph.03211-256950, Mob.9732843677
স্পাইরাল 3D মাল্টিস্লাইস
সিটিস্ক্যান

তারকেশ্বরে ছাত্রছাত্রীদের বই প্রদান

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ হুগলির তারকেশ্বর ট্রেকার ইউনিয়নে ব্যবস্থাপনায় বৃহস্পতিবার তারকেশ্বর বাসস্ট্যান্ডের ইউনিয়ন অফিসের সামনে একাদশ শ্রেণি ও বি.এ প্রথম বর্ষের ছাত্রছাত্রীদের পুস্তক বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন আই এন টি টি ইউ সি-র সভাপতি উত্তম কুণ্ডু। তিনি বলেন, ট্রেকারের যারা কর্মচারী তারা খুব কম মাইনে পান। তাই ফলে ছেলেমেয়েদের পড়াশোনার ক্ষেত্রে খুব চাপ থাকে। তাই ইউনিয়নের পক্ষ থেকে ২৫টি দুস্থ পরিবারের ছেলেমেয়েদের জন্য সাহায্যের হাত বাড়িয়ে দেওয়া হয়েছে। আগামী দিনেও ইউনিয়ন কর্মীদের পাশে থাকবে। এই বই পেয়ে ছাত্রছাত্রীরাও খুব খুশি।

১৩টি মোবাইলসহ ধৃত দুষ্কৃতী

নিজস্ব সংবাদদাতা, হুগলি ঃ বুধবার রাতে ব্যান্ডেল-নৈহাটি শাখায় লোকাল ট্রেনে অভিযান চালিয়ে ১৩টি মোবাইলসহ আফতাব আলম নামে এক দুষ্কৃতীকে গ্রেফতার করল ব্যান্ডেল জি আর পি। বুধবার রাতে ব্যান্ডেল-নৈহাটি শাখায় নাকাবন্দী চালায় জি আর পি। রাত সাড়ে আটটায় ব্যান্ডেলগামী নৈহাটি-ব্যান্ডেল লোকালের একটি কামরায় এক যুবককে সন্দেহজনকভাবে কামরার এক গেট থেকে আর এক গেটে যাওয়া আসা করতে দেখে জি আর পি তার উপর নজর রাখা শুরু করে। আফতাব আলম নামে ওই দুষ্কৃতী ব্যান্ডেল স্টেশনে নামার সাথে সাথে জি আর পি তাকে তল্লাশি চালিয়ে একটি পলিথিন প্যাকেটের ভিতর থেকে ১৩টি দামি মোবাইল উদ্ধার করে। মোবাইলগুলির বাজার মূল্য ১ লক্ষ টাকার বেশি। জেরায় ধৃত আফতাব জানায়, তার বাড়ি উত্তর ২৪ পরগনার হাজিপুরে। সে স্বীকার করে বিভিন্ন জেলার মোবাইল চোরদের কাছ থেকে সে মোবাইল সংগ্রহ করে। একসাথে অনেকগুলি মোবাইল নিয়ে সে কলকাতার ব্যবসায়ীদের কাছে বিক্রি করে। বুধবারও ব্যান্ডেল হয়ে কলকাতায় ব্যবসায়ীদের মোবাইলগুলি বিক্রি করতে যাওয়ার আগেই জি আর পি-র হাতে ধরা পরে যায়। বৃহস্পতিবার ধৃতকে চুঁচুড়া আদালতে তোলা হয়ে।

নিজস্ব সংবাদদাতা, হুগলি ঃ চুঁচুড়া আদালত সরিয়ে দেওয়া নিয়ে হাইকোর্টের নির্দেশে আপাতত স্বস্তি মিলল। গত ২২ মে থেকে লাগাতার আদালত বন্ধ রেখে আন্দোলন শুরু করে আইনজীবীরা। দাবি, চুঁচুড়া আদালত চুঁচুড়াতেই রাখতে হবে। নতুন ভবন তৈরির জন্য জায়গা থাকলেও জেলাশাসকের উদাসীনতায় বরাদ্দকৃত টাকা ফেরত চলে যায়। জানতে পেরে এরপরেই আন্দোলন শুরু করে আইনজীবীরা। পুরানো জজ কোর্টের বেশ কয়েকটি ঘরে জেলাশাসকের অফিস রয়েছে। সেগুলো সরানোর দাবিও ছিল। হাইকোর্ট তা সরিয়ে নিতে বলেছে দাবি আইনজীবীদের। কর্মবিরতি প্রত্যাহার হবে কিনা তা আগামী কাল মিটিং করে সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানান আইনজীবীরা। অন্যদিকে আজ চুঁচুড়া ঘড়িরমোড়ে নাগরিক কমিটি ও মানবধিকার সংঘ অবস্থান করে আদালত খোলা ও চুঁচুড়াতেই আদালত রাখতে।

গৃহবধূর ঝুলন্ত দেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ এক গৃহবধূর অস্বাভাবিক মৃত্যু ঘটল হুগলির আরামবাগের বাতানল গ্রামে। মৃতার নাম শ্রাবনী রায় (১৮)। তাঁর বাপের বাড়ি কোতুলপুর থানার বালিঠ্যা গ্রামে। দুবছর আগে তাঁর বিয়ে হয় বাতানলের বন্টু রায়ের সঙ্গে। বন্টু পেশায় রাজমিস্ত্রি। তাঁদের একটি মেয়েও আছে। বৃহস্পতিবার সকালে শ্বশুরবাড়িতে তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার হয়। খবর পেয়ে পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য আরামবাগ মহকুমা হাসপাতালে নিয়ে যায়।

ভোজালির কোপ

নিজস্ব সংবাদদাতা, হুগলি ঃ ব্যান্ডেলের এক ব্যবসায়ীকে ভোজালির কোপ দিয়ে লুট করল ২২ হাজার টাকা, মোবাইল, এটিএম কার্ড, গাড়ির চাবি। বুধবার রাতে দোকান বন্ধ করে বাড়ি ফেরার সময় ওলাইচণ্ডীতলা মন্দিরে প্রণাম করছিলেন ব্যবসায়ী পলাশ দাস। তখনই স্কুটি গাড়িতে তিনজন দুষ্কৃতী আসে। তার মাথায় পিস্তল ঠেকায়।

ছিনিয়ে নেয় টাকা। এরপর গুলি করতেও উদ্যত হয়। বাধা দিলে ভোজালির কোপ বসিয়ে দেয়। ভোজালির কোপে ডান হাতে গভীর ক্ষত হয়ে যায়। চুঁচুড়া হাসপাতালে প্রাথমিক চিকিৎসা করেন। চুঁচুড়া থানায় লিখিত অভিযোগ দায়ের করেন ব্যান্ডেল স্টেশন রোডের গৃহ সামগ্রী বিক্রেতা।

সুব্রত কাপ চ্যাম্পিয়ান মলয়পুর

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ বৃহস্পতিবার হুগলি জেলা সুব্রতকাপ ফুটবল প্রতিযোগিতার চূড়ান্ত খেলা অনুষ্ঠিত হল। আরামবাগের পারুল হাইস্কুল ফুটবল মাঠে এদিন অনূর্ধ্ব ১৪ এবং অনূর্ধ্ব ১৭ এই দুই বিভাগে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনূর্ধ্ব ১৪ বিভাগে আরামবাগের মলয়পুর হাইস্কুল ও শ্রীরামপুরের মশাট হাইস্কুল প্রতিদ্বন্দ্বিতা করে। এই খেলায় শ্রীরামপুরের মশাট হাইস্কুলকে টাইব্রেকারে ৩-২ গোলে হারিয়ে চ্যাম্পিয়ান হয় মলয়পুর হাইস্কুল। অন্যদিকে অনূর্ধ্ব ১৭ বিভাগে শিয়াখালা বেণীমাধব হাইস্কুল ও চন্দননগরের তেলেনিপাড়া হাইস্কুল প্রতিদ্বন্দ্বিতা করে। শিয়াখালা ১-০ গোলে জয়ী হয়। এদিন এই প্রতিযোগিতায় উপস্থিত ছিলেন আরামবাগ ডেপুটি ম্যাজিস্ট্রেট মৃত্যুঞ্জয় ঘোষ, প্রাক্তন এডিআই বাসুদেব নন্দী, ডিস্ট্রিক্ট ফিজিক্যাল এডুকেশনের অফিসার বিকাশ মণ্ডল, আরামবাগ সাবডিভিশন স্কুল স্পোর্টস্ সম্পাদিকা অনীতা মুখোপাধ্যায়, পৌরপ্রধান স্বপন নন্দী, পঞ্চায়েত সমিতির সভাপতি শিশির সরকার প্রমুখ।

MOL Darin
LFS
MONEYLICIOUS SECURITIES PVT. LTD.
LFS BROKING PRIVATE LIMITED
MOLDARIN INVESTMENTS CONSULTANTS PVT.LTD.
বিঃ দ্রঃ- বেকার ছেলে মেয়েরা ও হতাশ এজেন্টরা ! শেয়ার বাজারে আইন সম্মত ভাবে NISM Course করে আয় করার সুযোগ নিন।
Franchisee দেওয়া হয়।
Regional Office:- U.B.I. Building (1st Floor)
Link Road, Arambagh, Hooghly,
WEST BENGAL,Pin-712601
Ph.No. - 03211-256507
Mobile:- 9564355907 / 9563200600
Tollfree No.-18001211452
We are No-1 research team in India and Z.Business and CNBC AWAZ 2015-2016 award winner

শিক্ষক/শিক্ষিকা চাই

রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন জয়রামবাটি শাখার জন্য ভৌতবিজ্ঞান, জীবনবিজ্ঞান, ইতিহাস বিষয়ের জন্য B.ED ডিগ্রীধারী শিক্ষক/শিক্ষিকা চাই। আবাসিক থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। এছাড়া ছাত্র/ছাত্রীদের ক্যারাটে শেখাবার জন্য পার্ট-টাইম শিক্ষক/শিক্ষিকা চাই।
আবেদন পাঠাবার ঠিকানা-সচিব, রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন, নর-নারায়ণ মন্দির, জয়রামবাটী, বাঁকুড়া।
E-mail : rkvmjbtvtc@rediffmail.com
স্বামী প্রবুদ্ধানন্দ
বাঞ্চ সেক্রেটারি
রামকৃষ্ণ বিবেকানন্দ মিশন
জয়রামবাটী :: বাঁকুড়া

দীর্ঘ ৫০ বৎসর প্রতিষ্ঠার পর আরামবাগের বিধায়ক সম্মানীয় কৃষ্ণচন্দ্র সাঁতরা মহাশয়ের অনুপ্রেরণায় ও সভাপতিত্বে এবং আরামবাগ ব্রতচারী মণ্ডলীর ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হতে চলেছে আরামবাগ মহকুমায়
৫১তম নিখিল ভারত ব্রতচারী নায়ক মহাশিবির
২৪ ডিসেম্বর থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত
স্থান ঃ মুথাডাঙ্গা রামকৃষ্ণ উচ্চবিদ্যালয়, মুথাডাঙ্গা
ঃপরিচালনায়ঃ
ব্রতচারী কেন্দ্রীয় নায়ক মণ্ডলী
আয়োজক : আরামবাগ ব্রতচারী মণ্ডলী
অংশগ্রহণে আগ্রহী ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকাসহ উৎসাহী ব্যক্তিবর্গ। যোগাযোগ করুন
Mob. 7548038080/9609542101/9733858794/9093014017